

মধ্যপ্রাচ্যে উত্তেজনা চরমে পৌঁছেছে ইরান ও ইসরায়েলের মধ্যে পাল্টাপাল্টি ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার মধ্য দিয়ে। ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) জানিয়েছে, তারা ইসরায়েলের বিভিন্ন লক্ষ্যবস্তুতে একযোগে হামলা চালিয়েছে। পাল্টা হামলা চালিয়েছে ইসরায়েলও। নাগরিকদের নিরাপদ আশ্রয়ে যেতে বলেছে ইসরায়েলি কর্তৃপক্ষ।

সোমবার (২৩ জুন) আল জাজিরা এক প্রতিবেদনে জানিয়েছে, ইরান ক্ষেপণাস্ত্র হামলায় কঠিন ও তরল জ্বালানিচালিত ক্ষেপণাস্ত্র ব্যবহার করেছে, যার লক্ষ্য ছিল ইসরায়েলের পাঁচটি শহর: সাফাদ, তেল আবিব, আশকেলন, আশদোদ ও বেইসান।

ইরানি সংবাদমাধ্যম তাসনিম জানিয়েছে, এই হামলায় এমন কৌশল ব্যবহৃত হয়েছে, যা ইসরায়েলের প্রতিরক্ষা ব্যবস্থাকে ফাঁকি দিতে সক্ষম।

হামলার পর পরই ইসরায়েল তেহরানসহ অন্যান্য ইরানি শহরে পাল্টা হামলা চালায়। তেহরানের এক অধ্যাপক ফোয়াদ ইয়াদি জানান, একটি হাসপাতালের পাশেই ক্ষেপণাস্ত্র আঘাত হানে এবং এলাকায় ধোঁয়ার কুণ্ডলি দেখা গেছে।

এখনো দুই দেশের পক্ষ থেকে হতাহতের কোনো আনুষ্ঠানিক তথ্য জানানো হয়নি। তবে ইসরায়েল সতর্ক করে বলেছে, ইরান থেকে আরও ক্ষেপণাস্ত্র ছোড়া হতে পারে এবং দেশজুড়ে বিমান হামলার সাইরেন বাজানো হয়েছে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 07:10

URL: <https://timestodaybd.com/international/3579198840>